**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 25-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 A.M.** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR শুরু হলে ভিন রাজ্যে কর্মরত পরিযায়ী শ্রমিকরা অনলাইনে এনুমারেশন ফর্ম পূরণ বা জমা দিতে পারবেন।

# এদিকে, SIR চলাকালীন রাজ্য জুড়ে হেল্প ডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

২/ রাজ্যের সব হাসপাতালের সুরক্ষা ব্যবস্থা নিয়ে আজ এক বৈঠকে বসতে চলেছেন মুখ্যসচিব মনোজ পন্থ।

৩/ মধ্যপ্রদেশে কাফ সিরাপের ঘটনাবলী থেকে শিক্ষা নিয়ে স্বাস্থ্য দপ্তর, রাজ্যের সমস্ত সরকারি স্টোরে ওষুধের মেয়াদ ও গুণগত মান যাচাইয়ের নির্দেশ দিয়েছে।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫/ চারদিন ব্যাপী ছট পুজোর আজ সূচনা হতে চলেছে।

৬/ বাংলা ও গুজরাটের মধ্যে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচ আজ ইডেনে শুরু হচ্ছে।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR শুরু হলে, ভিন রাজ্যে কর্মরত পরিযায়ী শ্রমিকরা অনলাইনে ‘এনুমারেশন ফর্ম’ পূরণ বা জমা দিতে পারবেন। তাদের নিজের রাজ্যে ফিরে এসে কাগজপত্র জমা করতে হবে না। এর জন্য সেই রাজ্যগুলিতেই স্থানীয় সংবাদ মাধ্যমে বিজ্ঞাপন প্রকাশ করা হবে।

রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, প্রথমবারের মতো এই বিশেষ অনলাইন ব্যবস্থাপনা চালু করতে চলেছে নির্বাচন কমিশন।

***********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR চলাকালীন রাজ্যজুড়ে হেল্প ডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। প্রতিটি জেলাভিত্তিক হেল্পডেস্ক গঠনের পরিকল্পনা নেওয়া হয়েছে, যাতে সাধারণ মানুষ সহজে সংশোধন সংক্রান্ত তথ্য ও সহায়তা পেতে পারেন। জেলা নির্বাচনী আধিকারিকের দফতর ছাড়াও প্রতিটি ইআরও (সাবডিভিশনাল অফিসার) এবং এইআরও (বিডিও) দফতরে হেল্পডেস্ক খোলা হবে বলেও জানা গিয়েছে । SIR প্রক্রিয়া চলাকালীন ভোটারদের আবেদন, আপত্তি ও সংশোধন সংক্রান্ত প্রশ্নের উত্তর এবং প্রয়োজনীয় দিশা দিতে এই হেল্পডেস্কগুলি সক্রিয় থাকবে।

এদিকে SIR শুরুর আগে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা বৈঠকে বসতে চলেছেন। SIR -এর প্রস্তুতি নিয়ে আগামী সোমবার থেকে ধাপে ধাপে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা জেলাওয়ারিভাবে আলোচনায় বসবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে।

***********************

সিপিআইএম, স্বচ্ছ ভোটার তালিকা তৈরির দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী তথ্য দিয়ে যাদবপুর

বিধানসভা কেন্দ্রের বিভিন্ন বুথে ভোটার তালিকায় ব্যাপক গরমিলের উল্লেখ করেন। তিনি বলেন, ভোটার তালিকার প্রকৃত চেহারা কতটা অসঙ্গত, তা রাজ্যের বিভিন্ন বিধানসভা ক্ষেত্র খতিয়ে দেখে নির্বাচন কমিশনকে নির্দিষ্টভাবে জানানো সত্ত্বেও তাঁরা সদর্থক পদক্ষেপ গ্রহণ করে নি। এস আই আর নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- সুজন/ SIR )

***********************

রাজ্যের সব হাসপাতালের সুরক্ষা ব্যবস্থা নিয়ে আজ এক বৈঠকে বসতে চলেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্নে এই বৈঠকে থাকবেন স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম, স্বাস্থ্য অধিকর্তা, সব CMOH, হাসপাতালের সুপার, পুলিশের শীর্ষ কর্তারা, জেলাশাসক ও পুলিশ সুপাররা, ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। মেডিক্যাল কলেজ থেকে মহকুমা স্তরের হাসপাতাল পর্যন্ত সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখা হবে। কোথায় কী ধরণের খামতি রয়েছে তাও যাচাই করে দেখা হবে। সব বড় হাসপাতালেই CCTV বসানো এবং হাসপাতালে হস্টেল চত্বরে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে। যথেষ্ট সংখ্যক নিরাপত্তারক্ষী থাকা সত্ত্বেও কেন বিভিন্ন অপ্রীতিকর ঘটনা ঘটছে, তার প্রাথমিক রিপোর্টও চেয়েছেন মুখ্যসচিব। হাসপাতাল কর্তৃপক্ষ এবং পুলিশের তরফে এই রিপোর্ট দেওয়া হবে।

উল্লেখ্য, RG KAR-এর ঘটনার পরই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্বাস্থ্য পরিকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা ঢেলে সাজাতে ১৫০ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করেছিলেন। ওই ঘটনার পর হাসপাতালগুলির নিরাপত্তা ব্যবস্থা আমূল বদলে ফেলা হয়। তারপরেও সম্প্রতি হাসপাতালে দুষ্কৃতিদের তাণ্ডব, জুনিয়র ডাক্তারদের ওপর হামলা –সহ বেশ কিছু অপ্রীতিকর ঘটনা ঘটছে। সেই পরিপ্রেক্ষিতে এই বৈঠক বিশেষ তাৎপর্যপূর্ণ।

***********************

SSKM হাসপাতালে নাবালিকা রোগীর শ্লীলতাহানির ঘটনায় স্বাস্থ্য দপ্তর রিপোর্ট তলব করেছে। ওয়ার্ডের ভিতরে কীভাবে এই ঘটনা ঘটল, আগামী দু'দিনের মধ্যে লিখিতভাবে তা বিস্তারিত জানিয়ে হাসপাতাল সুপারকে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

এদিকে, নাবালিকার নির্যাতনের ঘটনায় ধৃত অমিত মল্লিককে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। বুধবারের ওই ঘটনায় NRS-এর অস্থায়ী কর্মী অমিতকে পুলিশ গ্রেপ্তার করে।

বিজেপি, এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছে, রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভয়ঙ্কর অবস্থায় পৌঁছেছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দুর্গাপুর NIT-তে এক সেমিনারে বলেন, রাজ্যে একের পর এক মহিলা ও নাবালিকার উপর অত্যাচারের ঘটনা ঘটছে। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি একেবারে তলানিতে ঠেকেছে।

( বাইট- সুকান্ত)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, SSKM-এর ঘটনার কড়া নিন্দা করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, এরাজ্যে ঘরে, রাস্তায় বা হাসপাতালে কোথাওই মহিলাদের নিরাপত্তা নেই। এই ঘটনায় মুখ্যমন্ত্রীর ক্ষমা চাওয়া উচিত।

************************

মধ্যপ্রদেশে কাফ সিরাপের ঘটনাবলী থেকে শিক্ষা নিয়ে স্বাস্থ্য দপ্তর, রাজ্যের সমস্ত সরকারি স্টোরে ওষুধের মেয়াদ ও গুণগত মান যাচাইয়ের নির্দেশ দিয়েছে। স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম, সব মেডিকেল কলেজের সুপার তথা উপাধ্যক্ষ এবং জেলাগুলির মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের সাত দিনের মধ্যে এই কাজ শেষ করে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছেন। সচিবের নির্দেশ অনুযায়ী ইতিমধ্যেই রাজ্যজুড়ে ওষুধের 'এক্সপায়ারি ডেট' ও মান নিয়ন্ত্রণের রিপোর্ট সংগ্রহের কাজ শুরু হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে বর্তমানে জেলা ও স্বাস্থ্য জেলা মিলিয়ে ২৭টি ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর (DRS) রয়েছে, যেখান থেকে জেলা হাসপাতাল, গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওষুধ পাঠানো হয়। প্রতিটি মেডিকেল কলেজ ও ডাক্তারি শিক্ষা প্রতিষ্ঠানেরও নিজস্ব স্টোর এবং সাব-স্টোর রয়েছে। এই সব জায়গার মজুত ওষুধের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ খতিয়ে দেখে রিপোর্ট দাখিলের নির্দেশ দিয়েছেন সচিব।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ( রবিবার,২৬ শে অক্টোবর) , আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

**********************

চারদিন ব্যাপী ছট পুজোর আজ সূচনা হতে চলেছে।

সমৃদ্ধি ও মঙ্গল কামনায় পুণ্যার্থীরা, কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবতার পুজোর মধ্যে দিয়ে ছট পুজো উদযাপন করে থাকেন।

পুজোর প্রথম দিনে আজ হবে ‘নাহায় খায়’। ভক্তরা পুণ্যস্নান করে লাউ সহ সাত্ত্বিক আহার গ্রহণ করবেন। আগামীকাল দ্বিতীয় দিনে হবে- ‘খারনা’। সারাদিন উপবাস ও সন্ধ্যায় খারনা প্রসাদ গ্রহণ করে শুরু হবে ৩৬ ঘণ্টা নিরম্বু উপবাস পালন।

তৃতীয় দিন সন্ধ্যায় নদী, জলাশয়ে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করে পুজো করা হবে। চতুর্থ দিনে উদীয়মান সূর্যকে অর্ঘ্য নিবেদন করে ব্রত উদ্‌যাপনের সমাপ্তি হবে।

বিহার, উত্তর প্রদেশ, ঝাড়খন্ডের পাশাপাশি এরাজ্যেও ছট পুজো সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্যে বিভিন্ন ব্যাবস্থা নেওয়া হয়েছে।

কলকাতায় গঙ্গার **ঘাটগুলির** পাশাপাশি বিভিন্ন নদ নদী ও জলাশয়ে ও ছট পুজো সম্পন্ন হবে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA , কলকাতায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে। সেখানে ছট পুজো সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কলকাতা পুরসভার পক্ষ থেকে পুণ্যার্থীদের জন্য যাবতীয় সুবিধা দানের ব্যবস্থা করা হয়েছে। জাতীয় পরিবেশ আদালতের নির্দেশে এবারও কলকাতার রবীন্দ্র সরোবর ও সুভাষ সরোবরে ছট পুজো বন্ধ থাকবে। ওই দুই সরোবরে ছট পুজোয় সাধারণের প্রবেশ বন্ধ রাখা হবে। মোতায়েন থাকবে পুলিশ কর্মী।

***********************

কালীপুজো এবং ভাইফোঁটাতে রৌদ্রজ্জ্বল আবহাওয়া থাকলেও ছট ও জগদ্ধাত্রী পুজোয় রাজ্যে বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণ বঙ্গোপসাগরে তৈরি ঘূর্ণাবর্তটি আজ সুস্পষ্ট নিম্নচাপ এবং তারপর গভীর নিম্নচাপে রূপান্তরিত হতে পারে। সোমবার ২৭ তারিখ সকাল নাগাদ এটি সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নিয়ে উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে বলে, আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন ।

( বাইট- হবিবুর রহমাণ )

***********************

রবীন্দ্র সরোবরের পর পূর্ব কলকাতার বেলেঘাটা অঞ্চলের সুভাষ সরোবরে এই প্রথম বৃক্ষসুমারি করার সিদ্ধান্ত নিয়েছে কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি কেএমডিএ। প্রায় ৯৮ একর বিস্তৃত এই অঞ্চলে ৪০ একরের একটি বিশাল জলাশয়

এবং সংলগ্নভূমি রয়েছে। প্রক্রিয়া শুরু করার জন্য কেএমডিএ শীঘ্রই পশ্চিমবঙ্গ জীববৈচিত্র্য পর্ষদের সঙ্গে বৈঠকে বসবে।

উল্লেখ্য, নেতাজি সুভাষচন্দ্র বসুর নামাঙ্কিত এই কৃত্রিম হ্রদটি প্রাতঃভ্রমণকারী, দৌড়বিদ এবং প্রকৃতিপ্রেমীদের কাছে অত্যন্ত জনপ্রিয়। এলাকাটি সবুজে ঘেরা এবং এখানে নানা প্রজাতির উদ্ভিদের সমাহার দেখা যায়। শুধু তাই নয়, এই চত্বরে একটি ক্রিকেট একাডেমি, একটি সুইমিং পুল এবং কেএমডিএ-র প্রশাসনিক ভবনও রয়েছে, যেটির বর্তমানে সংস্কারের কাজ চলছে। অ্যাংলার্স সোসাইটির তত্ত্বাবধানে এই সরোবরে মাছ ধরার ব্যবস্থা রয়েছে, নির্দিষ্ট ফির বিনিময়ে। তবে শর্ত একটাই—মাছ ধরার পর সেটিকে পুনরায় জলে ছেড়ে দিতে হয়।

**********************

উচ্চমাধ্যমিক পরীক্ষার তৃতীয় সেমিস্টারের ফল প্রকাশিত হবে আগামী ৩১ অক্টোবর। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য একথা জানিয়ে বলেন, ওইদিন দুপুর একটা থেকেই পরীক্ষার্থীরা অনলাইনে রেজাল্ট দেখতে পারবেন ।
পড়ুয়াদের প্রাপ্ত শতাংশের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত মেধাতালিকা প্রকাশিত হবে চতুর্থ সেমিস্টারের পর। তারপরেই মার্কশিট দেওয়া হবে। চতুর্থ সেমইস্টারের পরীক্ষা শুরু হবে আগামী বছর ২৬শে ফেব্রুয়ারী।
উল্লেখ্য, তৃতীয় সেমিস্টারের পরীক্ষা নেওয়া হয় ৮ থেকে ২২'শে সেপ্টেম্বর পর্যন্ত। এবছরই প্রথম MCQ পদ্ধতিতে সেমিস্টার ভিত্তিক উচ্চমাধ্যমিক পরীক্ষা হচ্ছে।

**********************

রাজ্যপাল সিভি আনন্দ বোস, যুবসমাজের ভূয়সী প্রশংসা করে বলেন, ভারতের লক্ষ্যপূরণে যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিকশিত ভারত গঠন করতে তিনি শিক্ষক, পড়ুয়া, প্রাক্তনী ও শিল্পপতিদের দূরত্ব ঘুচিয়ে সকলকে একযোগে কাজ

করার আহ্বান জানান। তিনি গতকাল দুর্গাপুর NIT-তে অ্যাকাডেমিক, ইন্ডাস্ট্রি ও প্রাক্তনীদের নিয়ে AI Summit 2025-এর দু'দিনের এই সেমিনারের উদ্বোধন করেন।

রাজ্যপাল তাঁর ভাষণে, উন্নত ভারত গঠনে প্রধানমন্ত্রীর ভূমিকার প্রশংসা করেন।

তিনি বলেন, ভারতবর্ষ এখন কৃষিতে স্বয়ংসম্পূর্ণ, গম উৎপাদনে ভারতকে আগে আমেরিকার উপর নির্ভর করতে হত। এখন পরিস্থিতি বদল হয়েছে।

( বাইট- রাজ্যপাল )

***********************

বাংলা ও গুজরাটের মধ্যে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে আজ ইডেনে শুরু হবে। খেলা শুরু সকাল সাড়ে নটায়। প্রথম ম্যাচে বাংলা, উত্তরাখণ্ডকে আট উইকেটেকে হারিয়ে ছয় পয়েন্ট সংগ্রহ করে। অন্যদিকে অসমের বিরূদ্ধে ড্র করায় গুজরাটের পয়েন্ট তিন।

***********************

সুপার কাপ ফুটবল প্রতিযোগিতা আজ গোয়ায় শুরু হবে। প্রথম দিনে আইএফএ শিল্ড জয়ী মোহনবাগান সুপার জায়ান্ট মাঠে নামবে। প্রতিপক্ষ চেন্নাইয়িন ফুটবল ক্লাব। ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

*******************************************************************